# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও,শেরেবাংলানগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

| শেখ হাসিনার মূলনীতি<br>গ্রাম শহরের উন্নতি |
|---|

স্মারক নং-৪৬.০২.০০০০.৬২৩.১৮.০০১(০২).১২/৪২২, তারিখ: ১১/৬/২০২৩ইং।

**বিষয় : এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরামের ৫২তম সভার কার্যবিবরণী।**

এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরামের ৫২তম সভা গত ১১ জুন ২০২৩, সকাল ১১.০০ ঘটিকায় এলজিইডি ভবনের সেমিনার কক্ষে (লেভেল-০৪) অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ আলি আখতার হোসেন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা) এবং সভাপতি, এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন । সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা সংযুক্তি-১ এ সংযোজন করা হলো।

সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| আলোচ্যসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ১। গত সভার কার্যবিবরণী অনুমোদন ও অগ্রগতি পর্যালোচনা। | সভাপতি জেন্ডার ফোরামের সভায় অনুপস্থিত সদস্যদের বিষয়ে অসন্তোষ প্রকাশ করেন এবং বলেন সভায় উপস্থিত হতে না পারলে অবশ্যই প্রতিনিধি প্রেরণ করবেন। সেই সাথে উপস্থিত না হতে পারার কারণ দর্শানোরও সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি আরও বলেন, কোন সদস্য যদি পরপর তিনটি সভায় অনুপস্থিত থাকেন তবে তার সদস্য পদ বাতিল হয়ে যাবে। সভায় উপস্থিত জনাব নুর হোসেন হাওলাদার, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (RIDM)'কে স্বাগত জানান এবং সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ জানান।<br>১.১। পূর্ববর্তী ৫১তম সভার কার্যবিবরণী অনুমোদন সংক্রান্ত আলোচনা ঃ<br>১.১.১। জনাব সালমা শহীদ, প্রকল্প পরিচালক, এলজিইডি এবং সদস্য-সচিব জেন্ডার ও উন্নয়ন ফোরাম গত ১১/১২/২০২২ইং তারিখে অনুষ্ঠিত ফোরামের ৫১তম সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। বিস্তারিত আলোচনার পর বিগত সভার আলোচ্য বিষয় ও সিদ্ধান্তসমূহ কার্যবিবরণীতে সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| | ১.১.২। পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত আলোচনাঃ<br>i) যৌন হয়রানি প্রতিরোধ নীতি প্রস্তুতকরত: মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছিল তার বর্তমান অবস্থা সম্বন্ধে সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম জানান, গত সেপ্টেম্বর'২০২২ হাইকোর্ট এর রায়ের কপিসহ পুনরায় যৌন হয়রানি প্রতিরোধ নীতিমালার কপি মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করা হয়েছে। নীতিমালা অনুমোদনের বিষয়টিতে মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এর সাথে নিয়মিত যোগাযোগের প্রয়োজন উল্লেখ করেন। মন্ত্রণালয়ে যোগাযোগের নিমিত্তে যৌন হয়রানি প্রতিরোধ নীতিমালার একটি কপি সভাপতি তাঁকে প্রদানের জন্য অনুরোধ জানান এবং একই সাথে বিষয়টিতে মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখার জন্য সদস্য-সচিবকে অনুরোধ জানান।<br>ii) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক জেন্ডার ও উন্নয়ন ফোরামের জন্য বাৎসরিক বাজেট (আন্তর্জাতিক নারী দিবসসহ) তৈরি করে ফোরামের কমিটিতে উপস্থাপন করা হয়। খসড়া বাজেটটি আরও সুন্দর করে নথিতে উপস্থাপনের সিদ্ধান্ত হয়। | সভাপতি ও সদস্য-সচিব জেন্ডার ও উন্নয়ন ফোরাম |
| ২। GIMS এর অগ্রগতি সংক্রান্ত। | ২.১। সদস্য-সচিব জানান, Institutionalizing Gender Equality Practices in LGED (IGEPL) প্রকল্পের সহায়তায় এলজিইডির জেন্ডার বিষয়ক কার্যক্রম মনিটরিং এর জন্য GIMS সফটওয়্যার তৈরি করা হয়েছে এবং এলজিইডির ওয়েবসাইটে hosting করা হয়েছে। তিনি আরও জানান, GIMS পাইলটিং এর জন্য সদর দপ্তর পর্যায়ে পরিকল্পনা, প্রশিক্ষণ, ডিজাইন এই তিনটি ইউনিট, প্রভাতি, এসএসডব্লিউআরডিপি-II(জাইকা), আরইআরএমপি-৩ এবং ইউজিআইআইপি-III প্রকল্প পাইলটিং এর আওতায় আনার জন্য নির্বাচন করা হয়েছে। মাঠ পর্যায়ে যশোর, ঝিনাইদহ, কুমিল্লা ও বি.বাড়িয়া এই চারটি জেলা এবং এই চারটি জেলার সদর উপজেলা, যশোর ও কুমিল্লা আঞ্চলিক দপ্তর এবং খুলনা ও চট্টগ্রাম বিভাগের অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তরকে নির্বাচন করা হয়েছে। এ বিষয়ে সভাপতি মহোদয় সকলের মতামত জানতে চান। জনাব উজ্জ্বল ত্রিপুরা, ডিপিডি, এসএসডব্লিউআরডিএসপি-II বলেন, এ প্রকল্পে অনেক জেন্ডার বিষয়ক কার্যক্রম | সদস্য-সচিব জেন্ডার ও উন্নয়ন ফোরাম |

| আলোচ্যসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| | হয়। সেক্ষেত্রে প্রকল্পটিকে পাইলটিং এর আওতায় রাখায় তিনি ধন্যবাদ জ্ঞাপন করেন এবং পূর্ণ সহযোগিতা করবেন বলে জানান। এ বিষয়ে জনাব সাঈদ আহমেদ বাসেত, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা অঞ্চল বলেন, IGPEL প্রকল্পের আওতায় GIMS যে ট্রেনিং হয়েছে সেটা মনিটরিং হচ্ছে না।<br>এ বিষয়ে সদস্য-সচিব জানান, GIMS এর তথ্য সরবরাহের ছকের ওপর প্রশিক্ষণকালে সফট্ওয়্যারটি প্রস্তুত সম্পন্ন হয়নি। বর্তমানে প্রস্তুতকৃত সফ্টওয়্যারটি এলজিইডি'র ওয়েবসাইটে Hosting করা হয়েছে এবং GIMS পাইলটিং এর জন্য প্রস্তুত আছে। পাইলটিং এর জন্য নির্বাচিত বিভাগ, অঞ্চল, জেলা, উপজেলা, ইউনিট ও প্রকল্পসমূহে অতিসত্ত্বর লিংকসহ পত্র প্রেরণ করা হবে। আগামী জুলাই মাস এর মধ্যে পাইলটিং কাজ শেষ হবে। এলজিইডির আইসিটি শাখা পাইলটিং এর বিষয়ে ফোরামকে সহযোগিতা করবে। পরবর্তীতে সৈয়দা আসমা খাতুন, প্রকল্প পরিচালক, জেএসপি জানতে চান সফট্ওয়্যারটি পাইলটিং এর পূর্বে ফোরামে উপস্থাপন করা হলে ভালো হতো। তিনি আরও জানান, আগামী ৩০ জুন ২০২৩ ইউজিআইআইপি-৩ প্রকল্পের কার্যক্রম সমাপ্ত হবে। সেক্ষেত্রে নগর উন্নয়ন সেক্টরের অন্যকোন প্রকল্পকে যুক্ত করা যায় কিনা? এবিষয়ে সদস্য-সচিব জানান, সফটওয়্যারটি জেন্ডার ফোরাম ও এলজিইডি'র আইসিটি ইউনিটের সার্বিক তত্ত্বাবধায়নে প্রস্তুত করা হয়েছে। যা পাইলটিং এরপর ফোরামের সভায় উপস্থাপন করা হবে। সভাপতি বলেন, GIMS সফট্ওয়্যারটি পাইলটিং এর জন্য নির্ধারিত প্রকল্প চলমান থাকবে, পরবর্তীতে নতুন প্রকল্প সংযুক্ত করা হবে। সফ্টওয়্যারটি কার্যকরভাবে চালু হলে সকল প্রকল্পকেই Online এ তথ্য প্রদান করতে হবে।<br>জনাব নুর হোসেন হাওলাদার, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (RIDM) বলেন, জেন্ডার একটি গুরুত্বপূর্ণ বিষয়। জেন্ডার সমতা রক্ষায় এলজিইডি সবসময় অগ্রণী ভূমিকা রাখে। এলজিইডি'র প্রত্যেকটি অফিসে নারী বান্ধব কর্মপরিবেশ বজায় আছে কিনা অর্থাৎ নারীদের জন্য আলাদা টয়লেট ও নামাযের ব্যবস্থা আছে কিনা তা তদারকি করতে হবে। পরবর্তীতে সভাপতি বলেন, GIMS সফট্ওয়্যারটি পাইলটিং একটি কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। তিনি আগামী জুলাই মাসের মধ্যে পাইলটিং কার্যক্রম সমাপ্তির আশাবাদ ব্যক্ত করেন। | |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আলি আখতার হোসেন)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা)
এবং
সভাপতি
এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (RIDM), এলজিইডি সদর দপ্তর।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বিভাগ (ঢাকা)।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর পরিকল্পনা ও নগর অবকাঠামো উন্নয়ন), এলজিইডি সদর দপ্তর।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইডব্লিউআরএম (পিএন্ডডি), এলজিইডি সদর দপ্তর।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএমই), এলজিইডি সদর দপ্তর।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মানব সম্পদ, পরিবেশ ও জেন্ডার), এলজিইডি সদর দপ্তর।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, খুলনা অঞ্চল।
৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, দিনাজপুর অঞ্চল।
৯। প্রকল্প পরিচালক, এসএসডব্লিউআরডিপি (২য় পর্যায়), এলজিইডি সদর দপ্তর।
১০। প্রকল্প পরিচালক, এসএসডব্লিউআরডিপি, এলজিইডি সদর দপ্তর।
১১। প্রকল্প পরিচালক, প্রভাতী, এলজিইডি সদর দপ্তর।
১২। প্রকল্প পরিচালক, জেএসপি, এলজিইডি।
১৩। প্রকল্প পরিচালক, সিটিইআইপি, এলজিইডি সদর দপ্তর।

১৪। প্রকল্প পরিচালক, ইউজিআইআইপি-III, এলজিইডি সদর দপ্তর।
১৫। জনাব মোঃ আব্দুর রাজ্জাক, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ডিজাইন (ভবন)।
১৬। জনাব হক সুলতানা, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মাননিয়ন্ত্রণ।
১৭। জনাব উজ্জ্বল ত্রিপুরা, উপ-প্রকল্প পরিচালক, এসএসডব্লিউআরডিপি-II (জাইকা), এলজিইডি।
১৮। জনাব সোনিয়া নওরীন, নির্বাহী প্রকৌশলী(চ:দা:), প্রকিউরমেন্ট ইউনিট, এলজিইডি।
১৯। জনাব মোহাম্মদ শফিউল্লাহ, নির্বাহী প্রকৌশলী(চ:দা:), এলজিইডি, পরিকল্পনা।
২০। জনাব মৌসুমী সালমিন, নির্বাহী প্রকৌশলী (চ:দা:), প্রশিক্ষণ ইউনিট, এলজিইডি।
২১। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা - হবিগঞ্জ।
২২। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা - বগুড়া।
২৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ফরিদপুর অঞ্চল।
২৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, (যান্ত্রিক) রাজশাহী বিভাগ।
২৫। জনাব মোহাম্মদ খায়রুল বাসার, সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, প্রশাসন।
২৬। জনাব তানভীর রশীদ, সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, আইসিটি।
২৭। সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, কুমিল্লা।
২৮। জনাব মোঃ বিল্লাল হোসেন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, ভোলা।
২৯। জনাব ফারহানা লিমা, সিনিয়র সহকারী প্রকৌশলী, নগর ব্যবস্থাপনা ইউনিট, এলজিইডি সদর দপ্তর।
৩০। জনাব আমিনুর রহমান, সিনিয়র সহকারী প্রকৌশলী (আইডব্লিউআরএম), এলজিইডি সদর দপ্তর।
৩১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বানারীপাড়া, বরিশাল।
৩২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর, জামালপুর ।
৩৩। জনাব হাসিনা আক্তার, সহকারী প্রকৌশলী, এলজিইডি, রক্ষণাবেক্ষণ।
৩৪। জনাব দিলশাদ জাহান, সহকারী প্রকৌশলী, এলজিইডি, IWRM ইউনিট।
৩৫। জনাব মোছাঃ নিলুফা ইয়াছমিন, সহকারী প্রকৌশলী, এলজিইডি, আম্ফান প্রকল্প।
৩৬। সহকারী প্রকৌশলী, এলজিইডি, রংপুর অঞ্চল।
৩৭। সহকারী প্রকৌশলী, এলজিইডি, জেলা: চট্টগ্রাম।
৩৮। উপজেলা সহকারী প্রকৌশলী, এলজিইডি, বালাগঞ্জ, সিলেট।
৩৯। উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, ত্রিশাল, ময়মনসিংহ।
৪০। উপ-সহকারী প্রকৌশলী, আইপিসিপি, এলজিইডি।
৪১। কম্যুনিটি অরগানাইজার, কুমারখালী, কুষ্টিয়া।
৪২। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।